




CSR&TI, Berhampore
An ISO 9001 : 2008 Certified Institute

উন্নত মানের রেশম সূতো উৎপাদন করার সঠিক পদ্ধতি



নীহারেন্দু বিকাশ কর
মৃগাল কান্তি মজুমদার



কেন্দ্রীয় রেশম গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান
কেন্দ্রীয় রেশম বোর্ড, বঙ্গ মন্ত্রালয়, ভারত সরকার
বহরমপুর-৭৪২১০১, পশ্চিমবঙ্গ

প্রকাশক :

ডঃ কণিকা ত্রিবেদী

অধিকর্তা

কেন্দ্রীয় রেশম গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান

কেন্দ্রীয় রেশম বোর্ড : ভারত সরকার

বহরমপুর-৭৪২১০১, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ

দূরাভাষ : (03482) 251046 / 253962 / 63 / 64 ফ্যাক্স : +91 3482 251233

ইমেল : csrtiber.csb@nic.in / csrtiber.@gmail.com

Publication committee : Dr. S. Roy Chowdhuri, Dr. S. Chattopadhyay, Mr. D. Das
and Mr. T. K. Maitra

Pamphlet No. 33

© CSR&TI, Berhampore

February 2016

উন্নত মানের রেশম সূতো উৎপাদন করার সঠিক পদ্ধতি

- পলু স্পিনিং করার সময় চন্দ্রকিকে কখনোই রোদের মুখ করে রাখবেন না। চন্দ্রকিকে ছায়ায় এবং বাতাস চলাচল করে এমন জায়গায় রাখবেন।
- স্পিনিং শুরু হওয়ার ন্যূনতম পঞ্চম দিনের মাথায় ফসল তুলবেন। দুই (দোহালা) বা তিন (তেহালা) দিনে ফসল তোলা উচিত নয়, এতে গুটির গুণগত মান কমে যায় এবং সূতো কাটার সময় সমস্যা হয়।
- ফসল তোলার পর বিক্রি করার উদ্দেশ্যে গুটির পরিবহন সঠিক হওয়া প্রয়োজন। যদি আপনার কাছে ট্রে বা ক্রেট থাকে তাহলে পাতলা আস্তরণে তা পরিবহন করুন অন্যথা হালকা ভাবে চটের বস্তা বা খুব পাতলা বুননের প্লাস্টিকের বস্তা এবং যার মধ্য দিয়ে হাওয়া বাতাস চলাচল করতে পারে, তা ব্যবহার করুন। কোন অবস্থাতেই বস্তায় গুটি ঠাসাঠাসি করে রাখবেন না।
- কাঁচা গুটি থেকে সূতো কাটা একেবারেই উচিত নয়। ফসল তোলার অব্যবহিত পরেই গুটির ভেতরে থাকা পোকাসমেত গুটিগুলিকে ভালো করে শুকিয়ে নিন।
- কাঁচা গুটি থেকে সূতো কাটলে সূতার মধ্যে থাকা আঠা বেশি পরিমাণে বেরিয়ে যায়। যার ফলে সূতোর শক্তি কমে যায় এবং ওজন হ্রাস পায় যা প্রচুর আর্থিক লোকসান ঘটায়।
- রোদে শুকালে গুটিগুলি কালো কাপড়ে ঢেকে দিন। গুটি শুকানোর জন্য সবচেয়ে উত্তম এবং উপযোগী পদ্ধতি হল গরম হাওয়ার ব্যবহার। এ ব্যাপারে নিকটবর্তী রাজ্য অথবা কেন্দ্রীয় সরকারী কার্যালয়ের সাহায্য নিন।



- সূতো কাটার আগে ভালো গুটি ও খারাপ গুটি না মিশিয়ে, আলাদা করে নিয়ে কাটুন।
- নির্দিষ্ট সময় অন্তর পাত্র বা বেসিনের জল পরিবর্তন করুন, এতে সূতোর উজ্জ্বলতা বৃদ্ধি পায়।
- খারাপ বন্দের গুটি কাটায় সমস্যা হয় এবং ঘূর্ণন ক্ষমতা হ্রাস পায়। গুটির ঘূর্ণন ক্ষমতা বৃদ্ধি করতে এবং সূতোর উজ্জ্বলতা বৃদ্ধি করতে কেন্দ্রীয় রেশম উৎপাদন গবেষণা ও প্রশিক্ষণ সংস্থা, বহরমপুর দ্বারা উদ্ভাবিত রাসায়নিক ব্যবহার করুন।
- গুটি কাটার জন্য সঠিক রিলিং মেশিন ব্যবহার করুন। সাদা বা দ্বিচক্রী (বাইভোল্টাইন) গুটি কোন অবস্থাতেই চরকা বা ঘোষ মেশিনে কাটবেন না। মুর্শিদাবাদ জেলায় শিবপুরে অবস্থিত স্বয়ংক্রিয় রিলিং কারখানায় (অটোমেটিক রিলিং ইউনিট) গুটি বিক্রির জন্য যোগাযোগ করতে পারেন।



মনে রাখবেন

আপনার উৎপাদিত গুটি বা সূতোর গুণমান ভালো হলে তবেই আপনি ভালো দাম পাবেন এবং আর্থিক দিক থেকে লাভবান হবেন। একটু সজাগ হোন, ভাল ফসল তুলুন। প্রয়োজনে কেন্দ্রীয় রেশম উৎপাদন গবেষণা ও প্রশিক্ষণ সংস্থা, বহরমপুর এর অধিকর্তার সাথে যোগাযোগ করুন।